AME(ICT DTCA)
25/03/2019

অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-১৪৩

তারিখ ঃ ২৫-০৩-২০১৯ খ্রিঃ

## প্রজ্ঞাপন

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ৫ম উপজেলা পরিষদের সাধারণ নির্বাচনে ৪র্থ পর্যায়ের ভোটগ্রহণ আগামী ৩১ মার্চ, ২০১৯ তারিখ অনুষ্ঠিত হবে (তালিকা সংযুক্ত)। এ পরিপ্রেক্ষিতে ১৯৮৩ সালের মোটর ভেহিক্যাল্‌স অধ্যাদেশ এর ৮৮ ধারা অনুযায়ী ৫ম উপজেলা পরিষদের ৪র্থ পর্যায়ের সাধারণ নির্বাচন উপলক্ষে নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ৩০ মার্চ ২০১৯ তারিখ ১২:০০টা হতে ভোটগ্রহণের দিন অর্থাৎ ৩১ মার্চ ২০১৯ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে ঃ

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/ অটোরিকশা /ইজিবাইক | (৪) জীপ | (৭) বাস |
| (২) ট্যাক্সি ক্যাব | (৫) পিক আপ | (৮) ট্রাক |
| (৩) মাইক্রোবাস | (৬) কার | (৯) টেম্পো |

০২. এছাড়া, ভোটগ্রহণের পূর্ববর্তী ০২ (দুই) দিন হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩. এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৪. বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষকে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫. এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬. তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

অপর পাতায় দ্রষ্টব্য

<u>বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ</u>

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, ..........................................(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।

০৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।

০৫। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

০৬। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

০৭। সচিব..........................................(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।

০৮। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা ইহার সহিত তাঁর ১৯-০৩-২০১৯ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৪.১৯-১৯৮ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)।

০৯। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা।

১০। মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব হেডকোয়াটার, কুর্মিটোলা, ঢাকা।

১১। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা (দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

১২। বিভাগীয় কমিশনার, .......................................(সংশ্লিষ্ট)।

১৩। উপ-মহাপুলিশ পরিদর্শক, .......................................( সংশ্লিষ্ট রেঞ্জ)।

১৪। জেলা প্রশাসক, ..................................................(সংশ্লিষ্ট)।

১৫। পুলিশ সুপার, ..................................................(সংশ্লিষ্ট)।

১৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ....................................(সংশ্লিষ্ট)।

১৭। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

১৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০ (তিনশত) কপি জরুরীভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হল।)

১৯। উপজেলা নির্বাহী অফিসার.................................... (সংশ্লিষ্ট)।

২০। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,.................................(সংশ্লিষ্ট)।

২১। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

২২। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,..............................(সংশ্লিষ্ট)।

২৩। জেলা তথ্য অফিসার, ..................................................(সংশ্লিষ্ট)।

২৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব

## ৫ম উপজেলা পরিষদ নির্বাচনের ৪র্থ পর্যায়ের সাধারণ নির্বাচনের তথ্যাদি

নির্বাচনের তারিখ: ৩১ মার্চ ২০১৯

| ক্রম | জেলা | উপজেলা |
|---|---|---|
| ১. | পটুয়াখালী | ১. পটুয়াখালী সদর |
| | | ২. দশমিনা |
| | | ৩. গলাচিপা |
| | | ৪. কলাপাড়া |
| | | ৫. মির্জাগঞ্জ |
| | | ৬. দুমকী |
| | | ৭. বাউফল |
| ২. | ভোলা | ৮. দৌলতখান |
| | | ৯. তজুমদ্দিন |
| | | ১০. লালমোহন |
| ৩. | বরগুনা | ১১. বরগুনা সদর |
| | | ১২. আমতলী |
| | | ১৩. বেতাগী |
| | | ১৪. বামনা |
| | | ১৫. পাথরঘাটা |
| ৪. | পিরোজপুর | ১৬. পিরোজপুর সদর |
| | | ১৭. ইন্দুরকানী |
| | | ১৮. মঠবাড়ীয়া |
| | | ১৯. কাউখালী |
| | | ২০. ভান্ডারিয়া |
| | | ২১. নেছারাবাদ |
| | | ২২. নাজিরপুর |
| ৫. | যশোর | ২৩. যশোর সদর |
| | | ২৪. বাঘারপাড়া |
| | | ২৫. ঝিকরগাছা |
| | | ২৬. চৌগাছা |
| | | ২৭. অভয়নগর |
| | | ২৮. মনিরামপুর |
| | | ২৯. কেশবপুর |
| ৬. | খুলনা | ৩০. দিঘলিয়া |
| | | ৩১. কয়রা |
| | | ৩২. দাকোপ |
| | | ৩৩. পাইকগাছা |
| | | ৩৪. রুপসা |
| | | ৩৫. তেরখাদা |
| | | ৩৬. ফুলতলা |
| | | ৩৭. বটিয়াঘাটা |

| ক্রম | জেলা | উপজেলা |
|---|---|---|
| ৭. | বাগেরহাট | ৩৯. বাগেরহাট সদর |
| | | ৪০. মোংলা |
| | | ৪১. মোরেলগঞ্জ |
| | | ৪২. চিতলমারী |
| | | ৪৩. কচুয়া |
| | | ৪৪. রামপাল |
| | | ৪৫. ফকিরহাট |
| | | ৪৬. মোল্লাহাট |
| | | ৪৭. শরণখোলা |
| ৮. | ময়মনসিংহ | ৪৮. ময়মনসিংহ সদর |
| | | ৪৯. হালুয়াঘাট |
| | | ৫০. ধোবাউড়া |
| | | ৫১. ফুলপুর |
| | | ৫২. ঈশ্বরগঞ্জ |
| | | ৫৩. ফুলবাড়ীয়া |
| | | ৫৪. ত্রিশাল |
| | | ৫৫. গৌরীপুর |
| | | ৫৬. নান্দাইল |
| | | ৫৭. মুক্তাগাছা |
| | | ৫৮. ভালুকা |
| ৯. | নরসিংদী | ৫৯. নরসিংদী সদর |
| ১০. | মুন্সীগঞ্জ | ৬০. মুন্সীগঞ্জ সদর |
| | | ৬১. সিরাজদিখান |
| | | ৬২. লৌহজং |
| | | ৬৩. শ্রীনগর |
| | | ৬৪. টংগিবাড়ী |
| | | ৬৫. গজারিয়া |
| ১১. | নারায়ণগঞ্জ | ৬৬. আড়াইহাজার |
| | | ৬৭. সোনারগাঁ |
| | | ৬৮. রূপগঞ্জ |
| ১২. | ঢাকা | ৬৯. ধামরাই |
| | | ৭০. দোহার |
| | | ৭১. নবাবগঞ্জ |
| ১৩. | টাঙ্গাইল | ৭২. টাঙ্গাইল সদর |
| | | ৭৩. ধনবাড়ী |
| | | ৭৪. মধুপুর |
| | | ৭৫. মির্জাপুর |
| | | ৭৬. দেলদুয়ার |
| | | ৭৭. নাগরপুর |
| | | ৭৮. ঘাটাইল |
| | | ৭৯. ভূঞাপুর |
| | | ৮০. কালিহাতী |
| | | ৮১. গোপালপুর |
| | | ৮২. বাসাইল |
| | | ৮৩. সখিপুর |

| ক্রম | জেলা | উপজেলা |
|---|---|---|
| ১৪. | কুমিল্লা | ৮৪. তিতাস |
| | | ৮৫. বরুড়া |
| | | ৮৬. চান্দিনা |
| | | ৮৭. মুরাদনগর |
| | | ৮৮. বুড়িচং |
| | | ৮৯. ব্রাহ্মণপাড়া |
| | | ৯০. মেঘনা |
| | | ৯১. হোমনা |
| ১৫. | নোয়াখালী | ৯২. বেগমগঞ্জ |
| | | ৯৩. সেনবাগ |
| | | ৯৪. সোনাইমুড়ী |
| | | ৯৫. কবিরহাট |
| | | ৯৬. সুবর্ণচর |
| | | ৯৭. চাটখিল |
| ১৬. | ব্রাহ্মণবাড়িয়া | ৯৮. ব্রাহ্মণবাড়িয়া সদর |
| | | ৯৯. সরাইল |
| | | ১০০. আখাউড়া |
| | | ১০১. আশুগঞ্জ |
| | | ১০২. নাসিরনগর |
| | | ১০৩. নবীনগর |
| ১৭. | ফেনী | ১০৪. ফেনী সদর |
| | | ১০৫. ফুলগাজী |
| | | ১০৬. সোনাগাজী |
| | | ১০৭. দাগণভূঁঞা |
| | | ১০৮. ছাগলনাইয়া |
| ১৮. | কক্সবাজার | ১০৯. কক্সবাজার সদর |
| ১৯. | দিনাজপুর | ১১০. দিনাজপুর সদর |
| | **১৯** | **১১০** |

১২/০৬/১১